0 2 ... 2013
৩

# মেডিক্যাল শিক্ষায় এক ধাপ এগিয়ে বিএসএমএমইউ

## উদ্বোধন হলো ভারচুয়াল ক্লাসরুম

■ বিশেষ প্রতিনিধি

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) ই-ব্লকে গতকাল রবিবার ভারচুয়াল ক্লাস রুমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক প্রাণ গোপাল দত্ত। ফলে মেডিক্যাল শিক্ষায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আরো এক ধাপ এগিয়ে গেল। ভারচুয়াল ক্লাস স্থাপনে প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)।

প্রসঙ্গত, উন্নত বিশ্বের গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয়গুলোতে উন্নত প্রযুক্তির সর্বোচ্চ (ইন্ট্রা-নেট এবং ইন্টারনেট) ব্যবহার করে এ ধরনের ভারচুয়াল ক্লাস চালুর ব্যবস্থা রয়েছে। ভারচুয়াল ক্লাসের মাধ্যমে ছাত্রছাত্রীরা ক্লাসে বসেই দেশ-বিদেশে অবস্থানকৃত শিক্ষকদের লেকচার সরাসরি প্রত্যক্ষ করতে পারেন এবং প্রশ্ন করে উত্তর জানতে পারেন। এছাড়া কোনো শিক্ষার্থী ক্লাসে উপস্থিত না থাকতে পারলেও ইন্টারনেট সুযোগের মাধ্যমে যেকোনো স্থান থেকে সরাসরি প্রত্যক্ষ করতে পারবেন কিংবা ধারণকৃত ক্লাসটি পরবর্তীতে সুবিধাজনক সময়ে ইন্টারনেটের মাধ্যমে অবহিত হয়ে জ্ঞান অর্জনের সুযোগ পাবেন। উদ্বোধনী দিনে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ফেইজ-এ ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন। শুরুতেই ভারচুয়াল ক্লাসের অগ্রগতি সম্পর্কে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ফার্মাকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মীর মিসবাহ উদ্দিন। ভাইস-চ্যান্সেলর অধ্যাপক প্রাণ গোপাল দত্তের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক মোঃ রুহুল আমিন মিয়া, ডেন্টাল অনুষদের ডিন অধ্যাপক মোঃ আলী আসগর মোড়ল, প্রিভেনটিভ এন্ড সোশ্যাল মেডিসিন অনুষদের ডিন এবং কমিউনিটি অফথালমোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোঃ শারফুদ্দিন আহমেদ, নার্সিং অনুষদের ডিন অধ্যাপক শাহানা আখতার রহমান, ইউজিসি'র অধ্যাপক মোঃ নজরুল ইসলাম প্রমুখ। উদ্বোধনী দিনে ফেইজ 'এ'-এর শিক্ষার্থীদের জন্য ফার্মাকোলজি বিষয়ের উপর ক্লাস নেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মোঃ সায়েদুর রহমান। পুরো অনুষ্ঠানটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ. কে আজাদ চৌধুরী এবং ইউজিসি'র সদস্য অধ্যাপক মোঃ মহিবুর রহমান ভিডিও কনফারেন্সের মাধ্যমে সরাসরি প্রত্যক্ষ করেন। তারা ভিডিও কনফারেন্সের মাধ্যমে অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেন ও বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ. কে আজাদ চৌধুরী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে মেডিক্যাল শিক্ষা ও চিকিৎসার ক্ষেত্রে একটি দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি বিএসএমএমইউ'র সার্বিক উন্নতি ও অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। ইউজিসি'র সদস্য অধ্যাপক মোঃ মহিবুর রহমান তার বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ইন্টারনেট এবং ইন্টারনেট প্রযুক্তি ব্যবহারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহযোগিতা প্রদান অব্যাহত রাখার কথা উল্লেখ করেন।

অধ্যাপক প্রাণ গোপাল দত্ত বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ধাপে ধাপে উন্নতি করছে। ভারচুয়াল ক্লাস স্থাপন এরই প্রমাণ। তিনি বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে সবার সহযোগিতা কামনা করেন।